

**ছ'টি শিক্ষক সংগঠন ও
কর্মচারী ফেডারেশন
আন্দোলনে নামছে**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছয়টি শিক্ষক সংগঠন ও কর্মচারী ফেডারেশন একাবদ্ধ আন্দোলনে নামছে। শিক্ষা কমিটি গঠনের সিদ্ধান্ত ব্যতিত, কর্মসংস্থান ও শিক্ষক কর্মচারী নিয়মিতন বহু ১০ ভাগ বেতন বৃদ্ধি, মহামায়া ভাতা ও নতুন পেনশনের দাবিতে তারা এ আন্দোলনের সিদ্ধান্ত নিয়েছে। গতকাল বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কার্যালয়ে এক যৌথ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এতে সভাপতিত্ব করেন ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। এ সময় বাংলাদেশ শিক্ষক সমিতি, কলেজ শিক্ষক সমিতি, কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বেসরকারি কলেজ অধ্যক্ষ সমিতি, বাংলাদেশ সহকারী শিক্ষক পরিষদ ও বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় অধ্যক্ষ কামরুজ্জামান ও শেষ অমেন্দুগ্রাহকে শিক্ষকদের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে অবদানের জন্য জাতীয় সম্মাননা এবং মরহুম জয়নুল আবেদীন চৌধুরী ও ব্রিটিশপাল শহীদুল্লাহকে মরণোত্তর সংবর্ধনা দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে।